

Veron  
70

## সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ে ১৬ কোটি টাকার বাজেট পেশ

● উন্নয়ন খাতে ব্যয় ধরা হয়েছে ১০ কোটি টাকা

### মজিবুদ্দিন সিদ্দিক

সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের ২০০৭-০৮ অর্থবছরের বাজেট পেশ করা হয়েছে। প্রায় পোনে ১৬ কোটি টাকার বার্ষিক বাজেট ঘোষণা করা হয়েছে।

দু'ভাগে বিভক্ত বাজেটে রাজস্ব খাতে ব্যয় ধরা হয়েছে ৫ কোটি ৯৪ লাখ টাকা। অন্যদিকে উন্নয়ন খাতে ব্যয় ধরা হয়েছে ৯ কোটি ৮০ লাখ টাকা। রাজস্ব খাতে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) ২ কোটি ৩ লাখ টাকা অনুমোদন দিয়েছে। অন্যদিকে রাজস্ব বাজেটে ঘাটতি পূরণের ৩ কোটি ৬৪ লাখ টাকা। বাজেট ঘাটতি পরবর্তী সময়ে ইউজিসির সঙ্গে আলোচনা করে সমাধান করা হবে বলে কর্তৃপক্ষ জানিয়েছেন।

মঙ্গলবার রাতে নগরীর একটি হোটেলে অনুষ্ঠিত বাজেট ও বার্ষিক উন্নয়ন পরিকল্পনা বার্ষিক মজিবুদ্দিন সভায় প্রধান অর্থমন্ত্রীর সভাপতিত্বে সিলেট কৃষি

বিশ্ববিদ্যালয়ের বাজেট পেশ করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. ইদ্রিস আল হোসেন। বাজেট উপস্থাপন করেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অধ্যাপক এম রাশেদ-হাসনাত। ডা. নাসরিন সুলতানার পরিচালনায় বাজেট পেশ অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের পরিচালক অর্থ ও হিসাব মো. তিয়াসত আলীসহ স্থানীয় সাংবাদিকরা।

প্রস্তাবিত বাজেটে রাজস্ব খাতে উল্লেখযোগ্য ব্যয়গুলো হচ্ছে- শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের বেতন-ভাতার জন্য ২ কোটি ২৫ লাখ ও শিক্ষা উপকরণ ব্যয় ৬৬ লাখ টাকা। এর বিপরীতে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব খাতে আয় ধরা হয়েছে ৫ লাখ টাকা।

বাজেট পেশ অনুষ্ঠানে জানানো হয়, ২০০৯ সালে উন্নয়ন বাজেটের লক্ষ্যমাত্রা ১৬ কোটি ৭৮ লাখ টাকা নির্ধারণ করা হয়েছে।